

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটের কম্পিউটার প্রশিক্ষণ সমাপ্ত

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট বাংলাদেশ (আইইবি)-এর যন্ত্রকৌশল বিভাগের উদ্যোগে মাসব্যাপী অটোক্যাড প্রিডি বিষয়ের ওপর এক প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান শনিবার আইইবি সদর দফতরে অনুষ্ঠিত হয়।

বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের মোট ১৭ জন প্রশিক্ষার্থী এ কোর্সে অংশগ্রহণ করেন। মাসব্যাপী প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষার্থীদের প্রিডি মডেলিং, ইন্টারনেট এবং নেটওয়ার্কে, ক্যাড-এর ব্যবহার, ক্যাড এবং ক্যাম-এর ব্যবহার, ডাইমেনশন তৈরি এবং ডাইমেনশন এডিটকরণ, ক্যাড, ক্যাম এবং অটোক্যাড-এর পরিচিতিসহ বিভিন্ন বিষয়ের ওপর তাত্ত্বিক এবং ব্যবহারিক শিক্ষা দেয়া হয়।

প্রকৌশলী একেএম এনায়েত উল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাপনী অধিবেশনে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন আইইবি প্রেসিডেন্ট প্রকৌশলী কামরুল ইসলাম সিদ্দিক, সম্মানি সাধারণ সম্পাদক প্রকৌশলী মো. নূরুল হুদা, প্রকৌশলী শেখ আল আমিন ও প্রকৌশলী মাসুম আল বেকনী। সংবাদ বিজ্ঞপ্তি।